

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪৩৬  
ধর্মনগর, ২ জানুয়ারি, ২০২৪

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
ধর্মনগর পুর এলাকায় বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল থেকে ধর্মনগর পুর পরিষদের উদ্যোগে দু'দিনব্যাপী বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ধর্মনগরের দীননাথ নারায়নী বিদ্যামন্দির মাঠে আয়োজিত এই বিকাশ শিবিরের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সার্বিক দিকে এগিয়ে যাচ্ছে আমাদের দেশ। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার ও ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, সমাজসেবী শ্যামল নাথ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া। এদিনের বিকাশ মেলায় বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়েছে। ধর্মনগর পুর পরিষদ, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, বন, পূর্ত, শিল্প ও বাণিজ্য ইত্যাদি বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টলগুলিতে জনসাধারণদের বিভিন্ন সরকারী প্রকল্পের সুবিধা প্রদান করা হয়েছে। ধর্মনগর মহকুমা প্রশাসনের স্টলে বিভিন্ন সার্টিফিকেট প্রদান করার জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়েছে ও সার্টিফিকেট দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পে ৫ জনকে সুবিধা প্রদান করা হয়েছে। উজ্জ্বলা যোজনায় বিনামূল্যে এলপিগি সংযোগ দেওয়া হয়েছে বিভিন্ন সুবিধাভোগীদের। স্বাস্থ্য দপ্তরের স্টল থেকে রোগীদের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*